

তবুও যুদ্ধ ভালোবাসছে

আর কত রাষ্ট্রের লক্ষ লক্ষ মানুষের  
রক্ত পৃথিবী থেকে শুকিয়ে গেলে  
তুমি থামবে?  
কত কোটি নিরীহ শিশু মায়ের  
কোল থেকে খসে গেলে  
তুমি থামবে?

তোমাকে থামবার কথা বলতেও বড় ভয়  
করে  
যেমন-  
ভয় পেয়েছে ভিয়েতনাম  
ভয় পেয়েছে যুগোস্লাভিয়া  
ভয় পেয়েছে ইরাক  
সাম্প্রতিক তবুও আফগানিস্তান  
লড়ছে

ক্ষমতালিপ্সুরা তোমাকে ভয়  
পাচ্ছে  
শেষমেশ খুঁজে পাচ্ছে কৃষ্ণ-বিবর  
তবুও যুদ্ধ ভালোবাসছে  
আর প্রস্তুতি নিচ্ছে.....  
জীবন কুমার সরকার

